



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর: ১৩৫/২০২২

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

সমন্বিত ৭টি ব্যাংক-এ 'অফিসার (ক্যাশ)' (Job ID-10148) এর ২০২০ সাল ভিত্তিক ১৭২০টি শূন্য পদে
নিয়োগের উদ্দেশ্যে অনূষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৭টি ব্যাংক-এ (সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি ব্যাংক ও প্রবাসী কল্যান ব্যাংক)-এ 'অফিসার (ক্যাশ)' (Job Id-10148) এর ২০২০ সাল ভিত্তিক ১৭২০টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বিগত ২১/১২/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর-১৮৬/২০২১ এর সূত্রে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২২/০১/২০২৩ তারিখের মধ্যে কেবল উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

০৪। নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র ডাউনলোডের/সংগ্রহের সুযোগ থাকবে না।

০৫। এ বিষয়ে প্রয়োজনে প্রার্থীদের info.bscc@bb.org.bd ইমেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মো: সাঈদুর রহমান খান)
পরিচালক (বিএসসিএস)
ও
সদস্য সচিব, বিএসসি।